


6. আপনার জীবন ঝুঁকিপূর্ণ থাকায় যদি আপনি আপনার জন্মভূমি থেকে পালিয়ে যান, তাহলে আপনি কী করবেন?

- আপনি যদি যুদ্ধ বা সশস্ত্র সংঘাতের কারণে আপনার দেশ ছেড়ে চলে যান বা আপনার জাতি, ধর্ম, জাতীয়তা, একটি নির্দিষ্ট সামাজিক বা জাতিগত গোষ্ঠীর সদস্যতা, রাজনৈতিক মতামত বা কারও সাথে যৌন সম্পর্ক থাকার কারণে যদি আপনি নির্যাতিত হয়ে থাকেন; যদি আপনার কোনও যুক্তিসঙ্গত এবং নির্দিষ্ট কোনও ভয় থাকে যে আপনার জীবন হুমকির মধ্যে রয়েছে বা আপনি আপনার দেশে ফিরে গেলে গুরুতর ক্ষতির সম্মুখীন হবেন, তাহলে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার অধিকারী হবেন।
- আপনার নিজের গল্প বলার এবং কেন আপনি আপনার দেশ ছেড়েছেন তা ব্যাখ্যা করার জন্য আপনার নিজের ভাষায় সাহায্য চাওয়ার অধিকার আপনার আছে। আপনি ইতালিতে পৌঁছানোর পরে বা আপনার অভ্যর্থনা কেন্দ্রে স্থানান্তর হওয়ার পরে আপনি সরকারী কর্তৃপক্ষের কাছে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করতে পারেন। কর্তৃপক্ষ তখন আপনার ব্যক্তিগত পরিস্থিতি শুনবে এবং আন্তর্জাতিক সুরক্ষার জন্য আপনার প্রয়োজনীয়তা মূল্যায়ন করবে।
- আপনি যদি আপনার পরিবারের (আপনার মা, বাবা, ভাই এবং/অথবা বোন) সাথে ইতালিতে আসেন এবং পালিয়ে যান কারণ আপনার পরিবারের একজন সদস্য যে কারণে নির্যাতিত হয়েছিল সে কারণে আপনিও নির্যাতিত হতে পারেন, সে ক্ষেত্রে আপনি আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার অধিকারী।

7. আপনার পরিবারের কোনও সদস্য ইতালি বা ইউরোপে বসবাস করলে আপনি কী করতে পারেন?

- আপনার বাবা-মা, ভাই বা বোন, চাচা বা খালা সহ আপনার আত্মীয়দের মধ্যে কেউ যদি ইতালিতে বা ইউরোপে থাকেন, তাহলে আপনি চাইলে তাদের সাথে বসবাস করার অধিকার আপনার আছে এবং যদি এটি আপনার সর্বোত্তম স্বার্থে হয়, তাহলে তাদের সাথে নিরাপদে থাকার একটি আইনি প্রক্রিয়া রয়েছে, যার জন্য কোনও অর্থ প্রদান করতে হবে না এবং এমন লোকদের উপর নির্ভর করতে হবে না যারা এটি করার জন্য আপনাকে বিপদে ফেলতে পারে।
- আপনি যদি পারিবারিক পুনর্মিলন পদ্ধতিতে আগ্রহী হন, তাহলে অভ্যর্থনা কেন্দ্র এবং আপনার অভিভাবককে জানান। এটি কীভাবে কাজ করে তা তারা ব্যাখ্যা করবেন।
- আপনার আত্মীয়রা নিরাপদে আপনার যত্ন নিতে পারবে কিনা, যেমন তাদের কোনও বাড়ি, পরিচয়পত্র এবং কোনও চাকরি আছে কিনা তা জানার জন্য পারিবারিক পুনর্মিলন পদ্ধতিতে সরকারী কর্তৃপক্ষের আপনার ইচ্ছা সম্পর্কে জানতে এবং পারিবারিক বন্ধন কেমন তা নিশ্চিত করতে সময় লাগে।
- আপনি ইতালিতে আপনার কাগজপত্র সম্পন্ন করে থাকলে বা ইতিমধ্যে ইতালিতে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করলেও আপনি অন্য ইউরোপীয় দেশে আপনার পরিবারের সদস্যদের সাথে যোগদান করতে পারেন।
- আপনার যদি ইতালি বা ইউরোপে পরিবারের কোনও সদস্য থাকে, তাহলে আপনি তাদের সাথে না থাকার সিদ্ধান্ত নিতে পারেন কিন্ত তাদের সাথে যোগাযোগ বজায় রেখে অভ্যর্থনা পদ্ধতি অনুসরণ করতে পারেন।

অপ্রাপ্তবয়স্ক এবং তার অধিকার



আপনার যদি নিজের ভাষায় তথ্য বা সাহায্যের প্রয়োজন হয়, তাহলে আপনি সেভ দ্য চিলড্রেন-এর হেল্পলাইনে যোগাযোগ করতে পারেন



- ✓ হেল্পলাইন হল একটি টোল-ফ্রি নম্বর যে নম্বরে আপনি সমস্যায় পড়লে এবং সহায়তা বা তথ্যের প্রয়োজন হলে কল করতে পারেন।
- ✓ আপনি আপনার নিজের ভাষায় কথা বলার জন্য বলতে পারেন।
- ✓ আপনি সোমবার থেকে শুক্রবার সকাল 10 টা থেকে বিকাল 5 টা পর্যন্ত কল করতে পারেন

+39 800 14 10 16



Save the Children

BN

আপনার অধিকারগুলি জানুন



Save the Children



11. শব্দকোষ

- অভ্যর্থনা কেন্দ্র হল সেই জায়গার নাম যেখানে আপনি বাস করেন। এটি অস্থায়ী বা স্থায়ী হতে পারে, অর্থাৎ আপনি যে বাড়িতে থাকবেন এবং পড়াশোনা শুরু করবেন, বন্ধুদের সাথে দেখা করবেন এবং সুরক্ষা ব্যবস্থা কীভাবে কাজ করে তা জানবেন।
- অভ্যর্থনা কেন্দ্রগুলি কর্মী/শিক্ষক নিয়োগ করে যারা ছেলে/মেয়েদের তাদের কমিউনিটির জীবন-যাপন এবং ব্যক্তিগত বিকাশকে সংগঠিত করতে, পরিচালনা করতে এবং নিয়ন্ত্রণ করতে সাহায্য করে।
- সাংস্কৃতিক মধ্যস্থতাকারী হলেন এমন একজন ব্যক্তি যিনি আপনার ভাষা এবং সংস্কৃতি সম্পর্কে জানেন। এই ব্যক্তি আপনাকে আপনার জিনিসপত্র পেতে, কী ঘটছে তা বুঝতে এবং আপনার কী প্রয়োজন হতে পারে সে সম্পর্কে আপনাকে জানানোর মাধ্যমে আপনার সহায়তা করতে পারে।
- স্বেচ্ছাসেবী অভিভাবক: আপনি যদি আপনার পিতামাতা বা কোনও দায়িত্বশীল প্রাপ্তবয়স্ক ছাড়া ইতালিতে থাকেন, তাহলে কিশোর আদালত যত তাড়াতাড়ি সম্ভব একজন প্রাপ্তবয়স্ককে আপনার অভিভাবক হিসাবে কাজ করার জন্য, আপনার বর্তমান এবং ভবিষ্যতের জন্য সেরা সিদ্ধান্ত নিতে এবং আইনগতভাবে আপনার প্রতিনিধি হিসাবে কাজ করার জন্য নিয়োগ করবে।
- মনোবিজ্ঞানী হলেন এমন একজন পেশাদার ব্যক্তি যিনি আপনাকে আপনার মনে এবং আপনার শরীরে আপনি কী অনুভব করেন এবং আপনি কী ভাবছেন তা বোঝার ভাষা জানতে সহায়তা করতে পারেন।

- স্কুল হল সেই জায়গা যেখানে আপনি ইতালীয় ভাষা শেখা শুরু করতে পারেন, সাধারণ বিষয়গুলি অধ্যয়ন করতে পারেন এবং তারপর আপনার পড়াশোনা বা চাকরির প্রশিক্ষণ চালিয়ে যাবেন কিনা সেই বিষয়ে সিদ্ধান্ত নিতে পারেন। এটি হল সেই জায়গা যেখানে আপনি বন্ধুদের সাথে দেখা করতে পারেন এবং ইতালীয় সমাজ কীভাবে কাজ করে তা শিখতে পারেন।
- পুলিশ এবং ক্যারাবিনিয়ারিসহ আইন-শৃঙ্খলা বাহিনী, সমাজের নিরাপত্তা এবং নাগরিক নিয়ম মানা হচ্ছে কিনা তা মনিটর করা এবং গ্যারান্টি দেওয়ার জন্য দায়ী। তারা ইতালিতে আপনার আইনি অবস্থা, আপনার রেসিডেন্ট পারমিট ইস্যু বা নবায়ন করা নিয়ে কাজ করে।
- সোশ্যাল সার্ভিস অফিস: আপনি, আপনার অভিভাবক এবং অভ্যর্থনা কেন্দ্রের সাথে মিলিতভাবে ইতালিতে আপনার উন্নয়নের দায়িত্বে থাকা সোশ্যাল কর্মীদের দ্বারা পরিচালিত একটি পাবলিক অফিস।
- কিশোর আদালত: তত্ত্বাবধান করার জন্য একটি সরকারী কর্তৃপক্ষ যে নিশ্চিত করে যে, আপনার বিষয়ে প্রতিটি পছন্দ এবং সিদ্ধান্ত সর্বদা আপনার সর্বোত্তম স্বার্থে নেওয়া হয়।



1. আপনার বয়স যদি 18 বছরের কম হয় তাহলে আপনি একজন নাবালক

- ইতালিতে আপনার বসবাস করার এবং সুরক্ষিত থাকার অধিকার রয়েছে
- আপনাকে আপনার ইচ্ছার বিরুদ্ধে নির্বাসন দেওয়া বা দেশে ফেরত পাঠানো রোধ করার অধিকার আপনার আছে।
- আপনার নিজের বক্তব্য প্রকাশ করার, তা অন্যকে শোনানোর এবং আপনাকে প্রভাবিত করে এমন যে কোনও সিদ্ধান্তের সাথে জড়িত থাকার অধিকার রয়েছে।
- আপনি একটি নাবালক বা ফ্যামিলি পারমিট পাওয়ার অধিকারী, এটি এমন একটি অপরিহার্য ডকুমেন্ট যা আপনাকে আইনত ইতালিতে বসবাস করতে এবং নাবালক হিসাবে আপনার অধিকার প্রয়োগ করতে দেয়।
- আপনি যদি পিতামাতা বা পরিবারের সদস্যদের ছাড়াই ভ্রমণ করেন, তাহলে ইতালিতে আপনার উন্নয়নে সহায়তা



করার জন্য একজন স্বৈচ্ছাসেবী অভিভাবক নিয়োগ করার অধিকার আপনার রয়েছে, যিনি আপনাকে আপনার বর্তমান এবং ভবিষ্যতের বিষয়গুলো নির্বাচন করতে সাহায্য করবেন।

- ইতালিতে একটি নিরাপদ স্থানে থাকার এবং অন্যান্য নাবালকেরা যে কেমার সেন্টারে থাকে সেখানে স্থানান্তরিত হওয়ার, ঘুমানোর, বিশ্রাম নেওয়ার, খাওয়ার, অসুস্থ হলে সেবা-যত্ন পাওয়ার, একটি রেসিডেন্ট পারমিট পাওয়ার, স্কুলে যাওয়ার এবং কীভাবে পড়াশোনা চালিয়ে যেতে হবে তা বোঝার এবং/অথবা শ্রম বাজারে প্রবেশ করার অধিকার আপনার আছে।
- আপনার বয়স 16 বছরের বেশি হলে আপনাকে এমন একটি কেমার সেন্টারে স্থানান্তর করা হতে পারে যেখানে প্রাপ্তবয়স্করাও থাকেন: এখানে নাবালক হিসেবে আপনার অধিকারকে অবশ্যই সম্মান করা হবে।
- আপনি যদি কোনও আত্মীয়ের সাথে ভ্রমণ করেন, তাহলে একটি ডেডিকেটেড ফ্যামিলি সেন্টারে স্থানান্তরিত হওয়ার এবং আপনার বয়স ও প্রয়োজন অনুযায়ী উপযুক্ত একটি স্বাগত এবং অন্তর্ভুক্তিমূলক প্রোগ্রাম শুরু করার অধিকার আপনার আছে।
- আপনার পরিবারের সাথে থাকার বা তাদের সাথে যোগাযোগ বজায় রাখার অধিকার আপনার আছে। যদি আপনার পিতা বা মাতা বা উভয়েই, আপনার ভাই বা বোন বা আপনার পরিবারের অন্য সদস্যরা ইতালিতে বা ইউরোপে থাকেন, তাহলে অভিযন্তা কেন্দ্রের কর্মীদের জানান, কারণ আপনি চাইলে আপনি তাদের সাথে পুনরায় যোগাযোগ করতে বা বজায় রাখতে এবং নিরাপদে তাদের সাথে পুনরায় যোগদান করার ক্ষেত্রে সহায়তা পেতে পারেন।



2. কীভাবে আপনি আপনার ব্যক্তিগত বিবরণ অফিশিয়ালি রেজিস্টার করতে পারবেন?

ব্যক্তিগত বিবরণ হল আপনার নাম, উপাধি, স্থান এবং জন্ম তারিখ ইতালীয় এবং ইউরোপীয় আইনে বলা হয়েছে যে নন-ইউরোপীয়ান দেশ থেকে আগত সকল ব্যক্তিকে ইউরোপে প্রবেশের সময় শনাক্ত করতে হবে। চিন্তা করবেন না, এটি একটি সাধারণ পদ্ধতি।

- পুলিশ আপনার কাছ থেকে আপনার নাম, উপাধি, জন্মতারিখ এবং জাতীয়তা জানতে চাইলে তা স্পষ্টভাবে বলুন এবং সবকিছু সঠিকভাবে লেখা আছে কিনা তা দেখুন।
- আপনার কাছে যদি কোনও ডকুমেন্ট থাকে তবে তা দেখাতে ভয় পাবেন না। এটা খুবই সহায়ক হবে।
- আপনি যদি কোনও আত্মীয়ের সাথে থাকেন তবে আপনাদের একে অপরের সাথে সম্পর্ক কী তা জানান।
- আপনার ডেটা সহ পুলিশ আপনার মুখমন্ডলের একটি ছবি তুলবে এবং আপনার আঙ্গুলের ছাপ রেজিস্টার করা হবে।
- আপনার ব্যক্তিগত ডেটা অফিশিয়ালি ইতালিতে রেজিস্টার করা হবে এবং এটি ইতালিতে আপনার উন্নয়ন শুরু করার জন্য সহায়ক হবে।
- আপনার বয়স 18 বছরের কম হলে, ইতালিতে আপনার প্রথম প্রবেশের সময় পুলিশ আপনার আঙুলের ছাপ রেজিস্টার করলেও আপনি যে কোনও ইউরোপীয় দেশে আন্তর্জাতিক সুরক্ষার জন্য আবেদন করার অধিকারী।



3. আপনি কীভাবে আপনার বয়স প্রমাণ করবেন?

- আপনি যদি মনে করেন যে আপনার ডেটা রেজিস্টার করার সময় কোনও ভুল হয়েছে, তাহলে আপনি অবিলম্বে এটির রিপোর্ট করতে পারবেন।
- এটা জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে ইতালীয় আইনের অধীনে মিথ্যা নাম, উপাধি, জন্ম তারিখ এবং জাতীয়তা ঘোষণা করা অপরাধ। জাল ডকুমেন্ট দেখানো একটি অপরাধ এবং এর জন্য আপনার বিরুদ্ধে রিপোর্ট করা হতে পারে।
- আপনি যদি একজন প্রাপ্তবয়স্ক (18 বছর বা তার বেশি বয়সী) হিসাবে রেজিস্টার হয়ে থাকেন, তবে আপনার বয়স প্রমাণ করার সবচেয়ে সহজ এবং নিরাপদ উপায় হল সরকারি কর্তৃপক্ষের কাছে আপনার পরিচয়ের ডকুমেন্ট (পাসপোর্ট, আইডি কার্ড) দেখানো।
- আপনার যদি মনে না হয় যে এটি আপনাকে এবং আপনার পরিবারকে ঝুঁকির মধ্যে ফেলবে, তাহলে আপনি আপনার বয়স প্রমাণ করার জন্য একটি ডকুমেন্ট পেতে আপনার দেশের কনসুলার কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার ক্ষেত্রে সাহায্য পেতে পারেন।
- আপনি যদি আপনার পরিচয় পত্র দেখাতে না পারেন এবং সরকারি কর্তৃপক্ষ বা অভিযন্তা কেন্দ্র আপনাকে আপনার ব্যক্তিগত বিবরণ জিজ্ঞাসা করার এবং আপনার কথা শোনার পরে যদি আপনাকে নাবালক বলে মনে না করে, তাহলে আপনার বয়স হিসাব করে বের করার জন্য অনুরোধ করতে পারে। এই প্রক্রিয়া চলাকালীন আপনি একজন সমাজকর্মী, একজন ডাক্তার এবং একজন মনোবিজ্ঞানীর সাথে দেখা করতে পারেন। এই প্রক্রিয়া চলাকালীন সমস্ত সাক্ষাৎকার এবং পরামর্শের সময় আপনি একজন সাংস্কৃতিক-দোভাষী এবং অভিভাবককে সাথে রাখতে পারবেন।

4. আপনার 18 বছর বয়স পূর্ণ হলে কী হবে?

- আপনার 18 বছর বয়স পূর্ণ হলে আপনি ইতালিতে বৈধভাবে বসবাস করা চালিয়ে যেতে পারেন এবং নিরাপদে জীবন-যাপন করতে পারেন।
- 18 বছর বয়সী হওয়ার আগে, আপনার অভিভাবককে খুঁজে বের করুন এবং ইতালিতে আপনার উন্নয়ন চালিয়ে যাওয়ার জন্য আপনাকে কী করতে হবে সে সম্পর্কে আপনার অভিভাবক এবং আপনি যে অভিযন্তা সেন্টারে থাকেন সেটির কর্মীদের সাথে আলোচনা করুন।
- 18 বছর বয়সের পরে আপনার কাছে কী ধরনের ডকুমেন্ট থাকতে হবে এবং আপনাকে কী পদ্ধতি অনুসরণ করতে হবে তা খুঁজে বের করুন।
- 18 বছর পূর্ণ হয়ে গেলে আপনি কোথায় থাকতে পারবেন এবং কীভাবে অন্তর্ভুক্তিমূলক প্রক্রিয়া চালিয়ে যাবেন সে সম্পর্কে তথ্যের জন্য জিজ্ঞাসা করুন। প্রশাসনিক ধারাবাহিকতা, যেমন, স্বনির্ভর হওয়ার জন্য 21 বছর বয়স পর্যন্ত অধ্যয়ন চালিয়ে যাওয়ার এবং/অথবা প্রশিক্ষণ চালিয়ে যাওয়ার সম্ভাবনা সম্পর্কে জিজ্ঞাসা করুন।

5. আপনি যদি বিপদগ্রস্ত হন এবং ভয় পান তবে আপনি কী করতে পারেন?

- আপনার ইচ্ছা, নিরাপত্তা এবং সুরক্ষা হল অপরিহার্য।
- আপনি সাহায্য চাওয়ার অধিকারী। ব্যাখ্যা করার চেষ্টা করুন এবং আপনার ভয় দূর হয়ে যেতে পারে।
- অনুমোদন ছাড়া ইউরোপের এক দেশ থেকে অন্য দেশে যাওয়ার ক্ষেত্রে আপনার জীবন মারাত্মক ঝুঁকির সম্মুখীন হতে পারে। নিপীড়ন এবং/অথবা সহিংসতাসহ আপনি অনেক ঝুঁকির সম্মুখীন হতে পারেন।
- এমন কাউকে বিশ্বাস করা থেকে সতর্ক থাকুন যিনি বলেন যে এটি সহজ এবং কোনও সমস্যা ছাড়াই এটি করা যেতে পারে।
- রাস্তায় বসবাস করলে আপনি বিপদে পড়তে পারেন এবং আপনি এমন লোকের সান্নিধ্যে আসতে পারেন যারা আপনার দুর্বল পরিস্থিতির সুবিধা নিতে চান।
- যদি আপনি ইতালিতে আসার পথে প্রতারণার সম্মুখীন হন, যদি আপনাকে আপনার ইচ্ছার বিরুদ্ধে এখানে আনা হয়, যদি আপনাকে বা আপনার পরিবারকে হুমকি দেওয়া হয় এবং যদি আপনি মনে করেন যে আপনি বিপদে আছেন, যদি কেউ

আপনাকে নিয়ন্ত্রণ করে বা আপনার ইচ্ছার বিরুদ্ধে কিছু করতে বাধ্য করে, যদি কেউ আপনাকে অন্য কোনও ইউরোপীয় দেশে নিয়ে যেতে চায় কিন্ত আপনি যেতে না চান এবং আপনি যদি ভয় পান, তাহলে আপনার সাহায্য চাওয়ার এবং সাহায্য ও সুরক্ষা পাওয়ার অধিকার রয়েছে।

- আপনি যদি নিপীড়ন বা সহিংসতার শিকার হন বা আপনি যদি পুরোপুরি বুঝতে না পারেন যে কী ঘটেছে এবং আপনার যদি পরিস্থিতিটি পছন্দ না হয়, তাহলে সাহায্য চাওয়ার এবং সাহায্য ও সুরক্ষা পাওয়ার অধিকার আপনার রয়েছে।
- আপনি যদি কোনও সেন্টারে থাকেন, তাহলে সাহায্যের জন্য আপনি যেখানে থাকেন সেই সেন্টারের কর্মীদের বা আপনার অভিভাবককে বলুন।
- আপনি যদি রাস্তায় থাকেন, তাহলে সাহায্যের জন্য পুলিশকে বলুন। তারা আপনাকে সাহায্য করতে পারে।
- কোনও সন্দেহ থাকলে সেভ দ্য চিলড্রেন-এ কল করুন।

